

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৬১৩

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৭. বা'দাল জুমু'আ (জুমু'আর পরের সুন্নাত/নফল) সালাত সম্পর্কে যা বর্ণিত হয়েছে

بَاب مَا جَاءَ فِي الصَّلَاةِ بَعْدَ الْجُمُعَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ
عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ كَانَ مِنْكُمْ مُصَلِّيًا بَعْدَ الْجُمُعَةِ فَلْيُصَلِّ بَعْدَهَا
أَرْبَعًا قَالَ أَبُو مُحَمَّدٍ أَصَلِّي بَعْدَ الْجُمُعَةِ رَكَعَتَيْنِ أَوْ أَرْبَعًا

বাংলা

১৬১৩. আবী হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমাদের মধ্যে যে ব্যক্তি জুমু'আর সালাতের পরে সালাত আদায় করবে, সে যেন এরপর চার রাকা'আত সালাত আদায় করে।”[1]

আবু মুহাম্মদ বলেন, আমি জুমু'আর পরে দু' রাকা'আত অথবা চার রাকা'আত সালাত আদায় করি।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, জুমু'আ ৮৮১; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৪৭৭, ২৪৭৮, ২৪৭৯, ২৪৮০, ২৪৮১ ও মুসনাদুল হুমাঈদী নং ১০০৬ তে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=81896>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন